কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.৫৩৫

তারিখ : ০২ ভাদ্র ১৪২৯ / ১৭ আগস্ট ২০২২

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় :** ২০২২-২৩ অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের জন্য বিনামূল্যে বীজ ও সার সরবরাহ ও অন্যান্য অনুদান বাবদ ৪৩৯.৪৬০ লক্ষ (চার কোটি উনচল্লিশ লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা ছাড়করণ ও অগ্রীম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।

মহোদয়,

২০২২-২৩ অর্থবছরে মাঝে খরিপ-২ মৌসুমে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাসকলাই প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য ২০২২-২৩ অর্থ বছরের বাজেটে '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের অন্তর্ভুক্ত '৩২৫১১০৫-সার' উপখাতে বরাদ্দকৃত ১২৫০০.০০ লক্ষ (একশত পঁচিশ কোটি) টাকা হতে ১০৫.৩৭ লক্ষ (এক কোটি পাঁচ লক্ষ সাইত্রিশ হাজার) টাকা, '৩২৫১১০৯-বীজ ও চারা' উপখাতে বরাদ্দকৃত ৩১৫০০.০০ লক্ষ (তিনশত পনের কোটি) টাকা হতে ৩০৮.৪০ লক্ষ (তিন কোটি আট লক্ষ চল্লিশ হাজার) টাকা এবং '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে বরাদ্দকৃত ৬০০০.০০ লক্ষ (ষাট কোটি) টাকা হতে ২৫.৬৯ লক্ষ (পঁচিশ লক্ষ উনসত্তর হাজার) টাকা অর্থাৎ সর্বমোট ৪৩৯.৪৬০ লক্ষ (চার কোটি উনচল্লিশ লক্ষ ছেচল্লিশ হাজার) টাকা ব্যয়ের লক্ষ্যে ০৩ নং অনুচ্ছেদে বর্ণিত বিভাজন অনুযায়ী ৩৯টি জেলার জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলীর আলোকে ব্যয় করার জন্য নির্দেশক্রমে এতদ্বারা ছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি। সংশ্লিষ্ট জেলা প্রশাসক এবং জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এ অর্থ ব্যয়ে ০৪ নং অনুচ্ছেদে বর্ণিত 'বাস্তবায়ন পদ্ধতি' ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করবেন।

০২। এক নজরে মাসকলাই উৎপাদন বৃদ্ধির প্রণোদনা কর্মসূচি/২০২২-২৩ এবং বিঘাপ্রতি উপকরণ ও আর্থিক সহায়তা:

| | | | একক | মন্তব্য |
|---|---|---|---|---|
| * | কর্মসূচির লক্ষ্যমাত্রা: | ৫১৪০০ | বিঘা | প্রণোদনা কর্মসূচিতে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে ১ বিঘা জমি চাষাবাদের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় উপকরণ সরবরাহ করা হবে। |
| ** | উপকারভোগীর সংখ্যা | ৫১৪০০ | জন | |

**প্রণোদনার কর্মসূচির বিঘা প্রতি উপকরণ ও আর্থিক ব্যয় বিবরণী :**

| ক্র. নং | উপকরণ/বিষয়ের বিবরণ | আর্থিক ব্যয় (টাকা) | | | কর্মসূচির মোট ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|
| | | উপকরণ | একক প্রতি আর্থিক ব্যয় | বিঘা প্রতি আর্থিক ব্যয় | |
| ১ | বীজ | ৫ কেজি | ১২০ | ৬০০.০০ | ৩০৮.৪০ |
| ২ | রাসায়নিক সার | | | | |
| | ক) ডিএপি | ১০ কেজি | ১৪ | ১৪০.০০ | ৭১.৯৬ |
| | খ) এমওপি | ৫ কেজি | ১৩ | ৬৫.০০ | ৩৩.৪১ |
| | মোট সার | ১৫ কেজি | - | ২০৫.০০ | ১০৫.৩৭ |
| ৩ | পরিবহন ব্যয় | থোক | - | ৩০.০০ | ১৫.৪২ |
| ৪ | আনুষংগিক ব্যয় | থোক | - | ১৯.৯৮০৬ | ১০.২৭ |
| ৫ | মোট বরাদ্দ | | | ৮৫৪.৯৮০৬ | ৪৩৯.৪৬ |

চলমান পাতা-২

০৩। ২০২২-২৩ অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে বীজ ও সার সরবরাহ প্রদানের জন্য জেলা ও অর্থনৈতিক কোড অনুযায়ী আর্থিক ব্যয় বিভাজন বিবরণী:

লক্ষ টাকা

| ক্র.নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা/জন) | অর্থনৈতিক কোড | | | | | | | | মোট বরাদ্দ (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | '৩২৫১১০৯- বীজ ও চারা' | ৩২৫১১০৫- সার | | | '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' | | | | |
| | | | বীজ | ডিএপি | এমওপি | মোট | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | | |
| ১ | নারায়ণগঞ্জ | ৩৫০ | ২.১০০ | ০.৪৯০ | ০.২২৭৫০ | ০.৭১৭৫০ | ০.১০৫ | ০.০৬৯৫ | ০.১৭৪৫ | | ২.৯৯২ |
| ২ | গাজীপুর | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ৩ | মানিকগঞ্জ | ৪০০০ | ২৪.০০০ | ৫.৬০০ | ২.৬০০০০ | ৮.২০০০০ | ১.২০০ | ০.৮০০০০ | ২.০০০০ | | ৩৪.২০০০ |
| ৪ | টাংগাইল | ২৯০০ | ১৭.৪০০ | ৪.০৬০ | ১.৮৮৫০০ | ৫.৯৪৫০০ | ০.৮৭০ | ০.৫৮০০০ | ১.৪৫০০ | | ২৪.৭৯৫০ |
| ৫ | কিশোরগঞ্জ | ৭৮০ | ৪.৬৮০ | ১.০৯২ | ০.৫০৭০০ | ১.৫৯৯০০ | ০.২৩৪ | ০.১৫৬০০ | ০.৩৯০০ | | ৬.৬৬৯০ |
| ৬ | ময়মনসিংহ | ২০১০ | ১২.০৬০ | ২.৮১৪ | ১.৩০৬৫০ | ৪.১২০৫০ | ০.৬০৩ | ০.৪০১৫০ | ১.০০৪৫ | | ১৭.১৮৫ |
| ৭ | জামালপুর | ৭৮০ | ৪.৬৮০ | ১.০৯২ | ০.৫০৭০০ | ১.৫৯৯০০ | ০.২৩৪ | ০.১৫৬০০ | ০.৩৯০০ | | ৬.৬৬৯০ |
| ৮ | শেরপুর | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ৯ | নেত্রকোনা | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ১০ | সিলেট | ৪০০ | ২.৪০০ | ০.৫৬০ | ০.২৬০০০ | ০.৮২০০০ | ০.১২০ | ০.০৮০০০ | ০.২০০০ | | ৩.৪২০০ |
| ১১ | মৌলভী বাজার | ৩০০ | ১.৮০০ | ০.৪২০ | ০.১৯৫০০ | ০.৬১৫০০ | ০.০৯০ | ০.০৬০০০ | ০.১৫০০ | | ২.৫৬৫০ |
| ১২ | হবিগঞ্জ | ৩০০ | ১.৮০০ | ০.৪২০ | ০.১৯৫০০ | ০.৬১৫০০ | ০.০৯০ | ০.০৬০০০ | ০.১৫০০ | | ২.৫৬৫০ |
| ১৩ | সুনামগঞ্জ | ৪০০ | ২.৪০০ | ০.৫৬০ | -০.২৬০০০ | ০.৮২০০০ | ০.১২০ | ০.০৮০০০ | ০.২০০০ | | ৩.৪২০০ |
| ১৪ | রাজশাহী | ১০৮০ | ৬.৪৮০ | ১.৫১২ | ০.৭০২০০ | ২.২১৪০০ | ০.৩২৪ | ০.২১৬০০ | ০.৫৪০০ | | ৯.২৩৪০ |
| ১৫ | নওগাঁ | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ১৬ | নাটোর | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ১৭ | চাঁপাই নবাবগঞ্জ | ৬২৫০ | ৩৭.৫০০ | ৮.৭৫০ | ৪.০৬২৫০ | ১২.৮১২৫০ | ১.৮৭৫ | ১.২৪৯৫০ | ৩.১২৪৫ | | ৫৩.৪৩৭ |
| ১৮ | বগুড়া | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ১৯ | জয়পুরহাট | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ২০ | পাবনা | ৩০৫০ | ১৮.৩০০ | ৪.২৭০ | ১.৯৮২৫০ | ৬.২৫২৫০ | ০.৯১৫ | ০.৬০৯৫০ | ১.৫২৪৫ | | ২৬.০৭৭ |
| ২১ | সিরাজগঞ্জ | ৬০০০ | ৩৬.০০০ | ৮.৪০০ | ৩.৯০০০০ | ১২.৩০০০০ | ১.৮০০ | ১.২০০০০ | ৩.০০০০ | | ৫১.৩০০ |
| ২২ | রংপুর | ১৬০০ | ৯.৬০০ | ২.২৪০ | ১.০৪০০০ | ৩.২৮০০০ | ০.৪৮০ | ০.৩২০০০ | ০.৮০০০ | | ১৩.৬৮০০ |
| ২৩ | গাইবান্ধা | ১৪০০ | ৮.৪০০ | ১.৯৬০ | ০.৯১০০০ | ২.৮৭০০০ | ০.৪২০ | ০.২৮০০০ | ০.৭০০০ | | ১১.৯৭০০ |
| ২৪ | কুড়িগ্রাম | ১৪৬০ | ৮.৭৬০ | ২.০৪৪ | ০.৯৪৯০০ | ২.৯৯৩০০ | ০.৪৩৮ | ০.২৯২০০ | ০.৭৩০০ | | ১২.৪৮৩ |
| ২৫ | লালমনিরহাট | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ২৬ | নীলফামারী | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ২৭ | দিনাজপুর | ৭২০ | ৪.৩২০ | ১.০০৮ | ০.৪৬৮০০ | ১.৪৭৬০০ | ০.২১৬ | ০.১৪৪০০ | ০.৩৬০০ | | ৬.১৫৬০ |
| ২৮ | ঠাকুরগাঁও | ৮৬০ | ৫.১৬০ | ১.২০৪ | ০.৫৫৯০০ | ১.৭৬৩০০ | ০.২৫৮ | ০.১৭২০০ | ০.৪৩০০ | | ৭.৩৫৩০ |
| ২৯ | পঞ্চগড় | ৫২০ | ৩.১২০ | ০.৭২৮ | ০.৩৩৮০০ | ১.০৬৬০০ | ০.১৫৬ | ০.১০৪০০ | ০.২৬০০ | | ৪.৪৪৬০ |
| ৩০ | যশোর | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ৩১ | ঝিনাইদহ | ৩২৫০ | ১৯.৫০০ | ৪.৫৫০ | ২.১১২৫০ | ৬.৬৬২৫০ | ০.৯৭৫ | ০.৬৪৯৫০ | ১.৬২৪৫ | | ২৭.৭৮৭ |
| ৩২ | কুষ্টিয়া | ১৯২০ | ১১.৫২০ | ২.৬৮৮ | ১.২৪৮০০ | ৩.৯৩৬০০ | ০.৫৭৬ | ০.৩৮৪০০ | ০.৯৬০০ | | ১৬.৪১৬ |
| ৩৩ | চুয়াডাঙ্গা | ৪৯০ | ২.৯৪০ | ০.৬৮৬ | ০.৩১৮৫০ | ১.০০৪৫০ | ০.১৪৭ | ০.০৯৭৫০ | ০.২৪৪৫ | | ৪.১৮৯০ |
| ৩৪ | মেহেরপুর | ১৯১০ | ১১.৪৬০ | ২.৬৭৪ | ১.২৪১৫০ | ৩.৯১৫৫০ | ০.৫৭৩ | ০.৩৮১৫০ | ০.৯৫৪৫ | | ১৬.৩৩০ |
| ৩৫ | ফরিদপুর | ২০১০ | ১২.০৬০ | ২.৮১৪ | ১.৩০৬৫০ | ৪.১২০৫০ | ০.৬০৩ | ০.৪০১৫০ | ১.০০৪৫ | | ১৭.১৮৫ |
| ৩৬ | মাদারিপুর | ৪৫০ | ২.৭০০ | ০.৬৩০ | ০.২৯২৫০ | ০.৯২২৫০ | ০.১৩৫ | ০.০৮৯৫০ | ০.২২৪৫ | | ৩.৮৪৭০ |
| ৩৭ | গোপালগঞ্জ | ৬০০ | ৩.৬০০ | ০.৮৪০ | ০.৩৯০০০ | ১.২৩০০০ | ০.১৮০ | ০.১২০০০ | ০.৩০০০ | | ৫.১৩০০ |
| ৩৮ | রাজবাড়ী | ৪১০ | ২.৪৬০ | ০.৫৭৪ | ০.২৬৬৫০ | ০.৮৪০৫০ | ০.১২৩ | ০.০৮১৫০ | ০.২০৪৫ | | ৩.৫০৫০ |
| ৩৯ | শরিয়তপুর | ৩০০ | ১.৮০০ | ০.৪২০ | ০.১৯৫০০ | ০.৬১৫০০ | ০.০৯০ | ০.০৬০০০ | ০.১৫০০ | | ২.৫৬৫০ |
| | মোট | ৫১৪০০ | ৩০৮.৪০০ | ৭১.৯৬০ | ৩৩.৪১০ | ১০৫.৩৭০ | ১৫.৪২০ | ১০.২৭০ | ২৫.৬৯০০ | | ৪৩৯.৪৬০ |

০৪। '২০২২-২৩ অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই প্রণোদনা কর্মসূচি বিতরণ পদ্ধতি' ও 'কৃষক তথ্য ছক' সদয় অবগতি ও শর্তাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

চলমান পাতা-৩

০৫। শর্তাবলী:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' 2006 ও PPR' 2008 (সংশোধনীসহ) অনুসরণপূর্বক যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;

২. উপকরণ বিতরণের সমগ্র প্রক্রিয়া যথাযথভাবে পরিবীক্ষণ করতে হবে। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি যথাসম্ভব দ্রুত বিগত বছরের মাসকলাই ফসল আবাদের জমির উপযুক্ততা এবং নতুন জমির আবাদযোগ্য সম্ভাবনার নিরিখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন এবং বরাদ্দকৃত অর্থ বিভাজন অনুযায়ী উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করবেন;

৪. মাসকালাই উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচি বাস্তবায়নের জন্য জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উপসহকারী কৃষি অফিসারের মাধ্যমে যথাসম্ভব দ্রুত মাসকালাই চাষে আগ্রহী ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের অগ্রাধিকার তালিকা প্রস্তুত করে তা সভার মাধ্যমে অনুমোদন, কৃষি প্রণোদনা কার্যক্রমের (বীজ ও সার সহায়তা) উপকরণ বিতরণ প্রভৃতি বরাদ্দকৃত অর্থের মধ্যে '২০২২-২৩ অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই প্রণোদনা কর্মসূচি বিতরণ পদ্ধতি' অনুযায়ী বাস্তবায়ন করবেন;

৫. জেলা ও উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর বাস্তবায়ন পদ্ধতিতে প্রদত্ত **'কৃষক তথ্য ছক'** পূরন ও উপজেলা কৃষি কর্মকর্তা স্বাক্ষরের পর **উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বেই** এ কৃষি প্রণোদনা কার্যক্রম **মন্ত্রণালয় হতে মনিটরিং করার জন্য** সংশ্লিষ্ট জেলার উপপরিচালক, ডিএই কর্তৃক আবশ্যিকভাবে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণ করতে হবে। কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের জন্য পরিচালক, (সরেজমিন উইং), ডিএই পূরণকৃত ছক প্রাপ্তির ৩ (তিন) কার্যদিবসের মধ্যে তা এ মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;

৬. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ষ্ট্যাম্প সাইজের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাষ্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাষ্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের ষ্ট্যাম্পসাইজের ছবি, জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাষ্টার রোলে **উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;**

৭. এ কর্মসূচির আওতায় চলতি খরিপ-২ মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির জন্য প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক এ অনুদান সহায়তা পাবেন। প্রণোদনাভুক্ত মাসকলাই চাষের জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক বীজ ও রাসায়নিক সার পাবেন। একজন চাষী পরিবারকে সর্বাধিক ১ (এক) বিঘা জমির জন্য এ সহায়তা প্রদান করা যাবে;

৮. একজন কৃষক ১ বিঘা জমির জন্য ০৫ (পাঁচ) কেজি মাসকলাই ভিত্তিবীজ, ১০ (দশ) কেজি ডিএপি ও ৫ (পাঁচ) কেজি এমওপি সার পাবেন। এ কর্মসূচির সকল উপকরণ উপজেলা সদর থেকে বিতরণ করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন। কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা এক জনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না;

৯. কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় সহায়তা হিসেবে মাসকলাই ভিত্তিবীজ এর জন্য অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ১০ (দশ) জনের এক একটি গ্রুপ করে প্রতি গ্রুপকে ২ (দুই) বস্তা ডিএপি ও ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে। শুধুমাত্র বরাদ্দের হিসাব সমন্বয়ের ক্ষেত্রে প্রয়োজনে বস্তা ভেঙ্গে বিতরণ করা যাবে;

১০. কর্মসূচির আওতায় প্রদত্ত সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/ বিক্রয় কেন্দ্র/ মিল গেট হতে এবং অন্যান্য সার বিএডিসি'র জেলাস্থ/নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকী মূল্যে ধরা হয়েছে। এজন্য কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত টাকা ব্যয় করা যাবে না;

১১. এ প্রণোদনা কার্যক্রমের জন্য প্রয়োজনীয় **মাসকলাই ভিত্তিবীজ (বারি মাসকলাই-৩ জাত) বিএডিসি থেকে সংগ্রহ করতে হবে;**

১২. কর্মসূচির যাবতীয় সমন্বয় রেকর্ডপত্র অডিটের জন্য সংশ্লিষ্ট উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভাপতি এবং উপজেলা নির্বাহী অফিসার এর অফিসে সংরক্ষিত থাকবে;

১৩. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এবং নির্দিষ্ট মৌসুমের মধ্যে এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত করতে হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না;

১৪. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিষ্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ০১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক ও ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট নিকট প্রেরণ করবেন;

১৫. ২০২২-২৩ অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাসকলাই উৎপাদন বৃদ্ধির লক্ষে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকের মাঝে বিনামূল্যে মাসকালাই এর বীজ, সার ও অন্যান্য সহায়তা কর্মসূচি প্রদানের নিমিত্ত কৃষি পুনর্বাসন কার্যক্রম বাস্তবায়ন অর্থছাড়ের সরকারি আদেশে উল্লিখিত খাত ব্যতীত অন্য কোন খাতে এ অর্থ ব্যয় করা যাবে না;

১৬. উপকরণ বিতরণের মাধ্যমে **প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের জেলাভিত্তিক** (উপজেলাওয়ারী খাতভিত্তিক) বিস্তারিত সমন্বয় বিবরণী সংশ্লিষ্ট জেলার উপপরিচালক কর্তৃক মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে কৃষি মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। মহাপরিচালক, ডিএই সমন্বয় বিবরণী প্রাপ্তির পর ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে অর্থ বিভাগে প্রেরণের লক্ষ্যে আবশ্যিকভাবে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন;

১৭. সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। সমন্বয় বিবরণী প্রেরণে বিলম্ব হলে এ জন্য **নির্দিষ্ট সময়ের মধ্যে সংশ্লিষ্ট উপপরিচালক কর্তক ব্যাখ্যা প্রদানসহ প্রতিবেদন প্রেরণ করবেন;** এবং

১৮. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয় সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত,

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪
Email: input2@moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.৫৩৫

তারিখ : ০২ ভাদ্র ১৪২৯ / ১৭ আগস্ট ২০২২

আদেশের ০৪ (চার) কপি এতদ্সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে অনুরোধ করা হলো।

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব
ফোন নং ৯৫৪০৯৬৪

নং-

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

চলমান পাতা-৫

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.৫৩৫

তারিখ : ০২ ভাদ্র ১৪২৯ / ১৭ আগস্ট ২০২২

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাষ্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৩৯টি জেলা)।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)।**
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৩৯টি জেলা)।
১৫. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ৩৯ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০(দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০(দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচাক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)।**
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।**
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১৭/৮/২০২

আ.ফ.ম আলমগীর কবীর
সহকারী সচিব